



প্রকা/কেহিবি-১/পরিপত্র নং-০১/২০১৬

তারিখঃ ৩১ জানুয়ারী, ২০১৬  
১৮ মাঘ, ১৪২২

সকল জোনাল ব্যবস্থাপক  
উপ-মহাব্যবস্থাপক  
লোকাল প্রিন্সিপাল অফিস, রাজশাহী/ ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা  
সকল শাখা ব্যবস্থাপক  
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

বিষয়ঃ ঋণ হিসাবের বিপরীতে আদালতের মাধ্যমে প্রাপ্ত সম্পদ ১৩৬- “ঋণ নিষ্পত্তির জন্য অর্জিত সম্পদ (Assets Acquired in Settlement of Loans)” হিসাব খাতে স্থানান্তরের মাধ্যমে ঋণ হিসাব সমন্বয় প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ এর ৩৩(৭) ধারার বিধান মোতাবেক ঋণের বিপরীতে জামানতি সম্পত্তি আদালতের মাধ্যমে ব্যাংক মালিকানা সত্ত্ব ও দখলি সত্ত্ব লাভ করেছে। উক্ত সম্পত্তি ব্যাংকের নামে খারিজ করে ডিসিআর এবং হালসনতক খাজনা প্রদান করে খাজনার দাখিলা গ্রহণ করা হয়েছে এরূপ সম্পদ ১৩৬- “ঋণ নিষ্পত্তির জন্য অর্জিত সম্পদ (Assets Acquired in Settlement of Loans)” হিসাব খাতে স্থানান্তরের মাধ্যমে ঋণ হিসাব সমন্বয় করতে হবে। এক্ষেত্রে যে সকল বিষয় গুরুত্বের সঙ্গে বিবেচনা করতে হবে তা নিম্নরূপঃ-

- ১। অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ এর ৩৩ (৭) ধারা অনুসারে প্রাপ্ত সম্পত্তির মধ্যে একইসঙ্গে ভূমি ও দালান-কোঠা অন্তর্ভুক্ত থাকলে ভূমি ও দালান-কোঠার মূল্য পৃথক পৃথকভাবে নিরূপণ করতে হবে। মূল্য নির্ধারণের জন্য ব্যাংকের বিদ্যমান নীতিমালা অনুসরণ করে বাস্তবসম্মত বাজার মূল্য নির্ধারণ করতে হবে।
- ২। ১৩৬- “ঋণ নিষ্পত্তির জন্য অর্জিত সম্পদ (Assets Acquired in Settlement of Loans)” হিসাব খাতে স্থানান্তর করা হলে উক্ত সম্পদ ব্যাংকের স্থায়ী সম্পদ হিসাবে অভিহিত হবে এবং উক্ত সম্পত্তির বহি মূল্য হতে প্রকৃত বাজার মূল্য কম হলে উক্ত সম্পত্তির বিপরীতে প্রয়োজনীয় পরিমাণ প্রভিশন সংরক্ষণ করতে হবে।
- ৩। ব্যাংকের মালিকানা সত্ত্ব ও দখলি সত্ত্ব সম্পর্কে সংশ্লিষ্ট সকলে অবহিত হওয়ার জন্য সম্পত্তির উপর “রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের নিজস্ব সম্পত্তি” নাম সন্নিবেশিত একটি সাইনবোর্ড লাগাতে হবে এবং সম্পত্তির চারিদিকে ন্যূনতম পক্ষে সীমানা পিলার বসাতে হবে।
- ৪। প্রাপ্ত সম্পত্তির উপর মালিকানা সত্ত্বের পাশাপাশি দখলি সত্ত্ব বহাল আছে মর্মে একটি প্রত্যয়ন পত্র কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ প্রেরণ করতে হবে।

অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ এর ৩৩ (৭) ধারা অনুসারে প্রাপ্ত সম্পত্তি ব্যাংকের সম্পদ ১৩৬- “ঋণ নিষ্পত্তির জন্য অর্জিত সম্পদ (Assets Acquired in Settlement of Loans)” হিসাব খাতে স্থানান্তরের জন্য নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবেঃ

(ক) শ্রেণীকৃত ঋণঃ

- ১। অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ এর বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- ২। উক্ত ঋণ হিসাবের বিপরীতে ৫২-সুদ স্থগিত হিসাব (যদি থাকে) উক্ত ঋণ হিসাবের সঙ্গে সমন্বয় করতে হবে।
- ৩। ৩৩(৭) ধারা অনুসারে প্রাপ্ত সম্পত্তি হতে ইতোমধ্যে যে আয় এবং ব্যয় সংঘটিত হয়েছে তা উক্ত ঋণ হিসাবের সঙ্গে সমন্বয় করতে হবে।

(খ) অবলোপনকৃত ঋণঃ

- ১। অপলোপনকৃত ঋণ রিভার্স করে নিয়মিত ঋণ হিসাবে রূপান্তরিত করে প্রোফর্মা লেজার হতে ঋণ লেজারে স্থানান্তর করতে হবে। অপলোপনকৃত ঋণ রিভার্স করে নিয়মিত ঋণ হিসাবে রূপান্তরের জন্য নিম্নোক্ত ভাউচার পাশ করতে হবে-
- ঋণ হিসাব পুনরুজ্জীবিত করা এবং প্রধান কার্যালয়ের ৪৪- “মন্দ ও সন্দেহজনক ঋণের সঞ্চিতি (Reserve for Bad and Doubtful Debts)” হিসাব সমন্বয়ের জন্য নিম্নোক্ত ভাউচার করে একটি ক্রেডিট এ্যাডভাইস প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

বিবরণ	ডেবিট	বিবরণ	ক্রেডিট
সংশ্লিষ্ট ঋণ হিসাব খাত	*****	১১১- রাকাব সাধারণ হিসাব	*****

- ৬১১- ঋণ অবলোপন হিসাব(কন্ট্রা) ও ১২১১- ঋণ অবলোপন হিসাব (কন্ট্রা) সমন্বয়ের জন্য নিম্নরূপ ভাউচার পাশ করতে হবে।

বিবরণ	ডেবিট	বিবরণ	ক্রেডিট
৬১১- ঋণ অবলোপন হিসাব(কন্ট্রা)	*****	১২১১- ঋণ অবলোপন হিসাব (কন্ট্রা)	*****

- ২। ৩৩(৭) ধারা অনুসারে প্রাপ্ত সম্পত্তি হতে ইতোমধ্যে যে আয় এবং ব্যয় সংঘটিত হয়েছে তা উক্ত ঋণ হিসাবের সঙ্গে সমন্বয় করতে হবে।

উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার পর অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ এর ৩৩ (৭) ধারা অনুসারে প্রাপ্ত সম্পত্তি স্থায়ী সম্পদ ১৩৬-“ঋণ নিষ্পত্তির জন্য অর্জিত সম্পদ (Assets Acquired in Settlement of Loans)” হিসাব খাতে স্থানান্তরের জন্য নিম্নরূপ ভাউচার সম্পাদন করতে হবে।

বিবরণ	ডেবিট	বিবরণ	ক্রেডিট
১৩৬-“ঋণ নিষ্পত্তির জন্য অর্জিত সম্পদ (Assets Acquired in Settlement of Loans)”	*****	সংশ্লিষ্ট ঋণ হিসাব খাত	*****

এতদবিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে সরাসরি কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এর সঙ্গে যোগাযোগ করার জন্য বলা হলো।

(মোঃ ইউনুছ আলী)

উপ-মহাব্যবস্থাপক

স্মারক নং- প্রকা/কেহিবি-১/৫৬(৩)/২০১৫-২০১৬/৬৭১৭(৩৯৪)/৭৬

তারিখঃ ৩১-০১-২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- (১) স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- (২) স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- (৩) স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- (৪) মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/ রংপুর।
- (৫) সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- (৬) বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী/ রংপুর।
- (৭) অধ্যক্ষ, রাকাব প্রশিক্ষণ ইনস্টিটিউট, উপ-শহর, রাজশাহী।
- (৮) প্রকল্প পরিচালক, এসইসিপি, উপশহর, রাজশাহী।
- (৯) সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, জোনাল নিরীক্ষা কার্যালয়, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- (১০) অফিস নথি।

(মোঃ আতাউর রহমান)

মুখ্য কর্মকর্তা